মুজিবনগরে মহিলা জামায়াতের ৮ নেতা কর্মী আটক, সাংগাঠনিক বই জব্দ

সরকার বিরোধী গোপন বৈঠক চলাকালীন সময়ে সাংগঠনিক বইসহ জামায়াতের ৮ নারী কর্মীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

শুক্রবার সকাল সাড়ে ১১ টার সময় মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে উপজেলার গোপালনগর গ্রামের মোশারফ মাষ্টারের বাড়িতে অভিযান চালিয়ে পুলিশ তাদের আটক করে।

আটকৃতরা হলেন- উপজেলার গোপালনগর গ্রামের মোশাররফ হোসেনের স্ত্রী রকেয়া খাতুন (৪২), শিবপুর গাজী পাড়ার হুমায়ুন কবিরের স্ত্রী শম্পা খাতুন (২৮), মোনাখালীর গ্রামের উত্তর পাড়ার ইজদানের স্ত্রী ফাতেমা খাতুন (৪০), মোনাখালী বাজার পাড়ার নয়ন মিয়ার স্ত্রী হানিফা আক্তার বিউটি (৩৪), শিবপুর মসজিদ পাড়ার চাঁদ আলীর স্ত্রী হাফিজা খাতুন (৩৮), রামনগর মধ্যপাড়ার দরুদ আলীর স্ত্রী রেজমিনা খাতুন (৪৪), শিবপুর গলাকাটা পাড়ার নজরুল ইসলাম মালীতার স্ত্রী সালেহার খাতুন (৪০) এবং বিশ্বনাথপুর বড় মসজিদ পাড়ার আনোয়ার হোসেনের স্ত্রী সুমাইয়া জান্নাতি (২৫)।

মুজিবনগর থানার ওসি জানান, সরকার বিরোধী গোপন বৈঠক করছেন এমন খবরের ভিত্তিতে সেখান অভিযান চালানো হয়। অভিযানে তাদের কাছে থেকে, ২০২৩ সালের জামায়াত ইসলামের মহিলা বিভাগের বার্ষিক পরিকল্পনা বই, বাংলাদেশ জামায়াতে ইসলামীর সকল পর্যায়ের জনশক্তির প্রতি আমীরে জামায়াতের আহ্বান, সংগঠন পদ্ধতি, ইসলাম ও জাহেলিয়াত, পবিত্র সীরাতন্নবী (সা:) উপলক্ষে বাংলাাদেশ জামায়াত ইসলামীর আহবান, দ্বীন ইসলামের ১৫টি গুরুত্বপূর্ণ বিষয়ে সঠিক ধারণা, ইমানের হাকীকত, নামায রোজার হাকীকত, তাফহীমুল কুরআন, আদর্শ মানব মুহাম্মদ (সা:)কুরআন ও হাদীসের আলোকে রাসুল মুহাম্মদ (সা:) দ্বীন প্রতিষ্ঠায় মহিলাদের দায়িত্ব, বিষয় ভিত্তিক কোরআন ও হাদীস, ইসলামী সংগঠন, ইসলামী আন্দোলন, জামায়াত এবং জামায়াত নেতৃবৃন্দের বিরুদ্ধে ষড়যন্ত্র, ইসলামী ছাত্রী সংস্থাসহ প্রায় ৮০টি বিভিন্ন প্রকারের বই জব্দ করা হয়েছে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল আরো জানান আটক জামায়াতের নারী

নেতা কর্মীরা সরকার সম্পর্কে বিদ্বেষ বিতৃষ্ণা ও মিথ্যা রটনা ছড়িয়ে নাশকতকা সৃষ্টিসহ জনগণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে আইনশৃংখলার অবনতি করার লক্ষে ২০/২৫ জন নারী সরকার বিরোধী সন্ত্রাস ও নাশকতা কার্যকলাপ করার উদ্যেশ্যে পরিকল্পনা ও মিটিং করছিল। আটকদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে এজাহার নামীয় ৮ জন ও অজ্ঞাতনামা আরো ১২/১৫ জনকে আসামি করা হয়েছে। আটক নারী নেতা কর্মীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্তুতি চলছে।

মেহেরপুর জেলা জজ কোর্টের জিপি শাহজাহানের ইন্তেকাল

মেহেরপুর জেলা জজ কোর্টের জিপি,বুড়িপোতা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা অ্যাডভোকেট শাহজাহান আলী ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বুধবার দিবাগত রাতে কলকাতায় চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। বেশ কিছুদিন যাবৎ তিনি দুরারোগ্য ক্যান্সার রোগে ভুগছিলেন ।

অ্যাডভোকেট শাহজাহান আলীর স্ত্রী এক ছেলে এক মেয়ে সহ অসংখ্য গুণাগ্রহী রেখে গেছেন।

মুজিবনগরে কৃষি জমিতে নির্মাণাধীন অবৈধ ইটভাটা

উচ্ছেদ

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের মুজিবনগর দর্শনা প্রধান সড়কের পাশে রতনপুর গ্রামে কৃষি জমিতে নির্মাণাধীন সিএবি নামে অবৈধ্য ইট ভাটা উচ্ছেদ করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর কুষ্টিয়া।

মঙ্গলবার বিকালে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট অনিমেষ বিশ্বাসের নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়।

নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, বৈধ কাগজপত্র না থাকা পরিবেশ অধিদপ্তর ছাড়পত্র পত্র না থাকা এবং তিন ফসলি কৃষি জমিতে অবৈধভাবে ইটভাটা নির্মাণ করার কারণে এই ভাটা বন্ধ করা সহ নির্মাণাধীন স্থাপনা ভেঙে দিয়ে আজ থেকে ভাটা বন্ধ ঘোষণা করা হলো। এই ইটভাটা যদি পুনরায় কেউ চালু করার চেষ্টা করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। পর্যায়ক্রমে উপজেলার যে সমস্ত ইটভাটার সঠিক কাগজপত্র নেই তাদেরও বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়।

এ সময় অভিযানে কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের বায়োকেমিস্ট নরেশ চন্দ্র বিশ্বাস এবং অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর আব্দুস সালাম সহ মুজিবনগর থানা পুলিশের টিম উপস্থিত ছিলেন।

গাংনীতে ৩ ইটভাটা মালিকে দেড়লাখ টাকা জরিমানা

লাইসেন্স ছাড়া ইট প্রস্তুত ও বিপণনের দায়ে গাংনী উপজেলায় তিনটি ভাটাকে দেড়লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

সোমবার (২৬ ডিসেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে এ অভিযান পরিচালনা করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা

নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মৌসুমী খানম।

এসময় গাংনী উপজেলার পোড়াপাড়ার আরএসবিসি, ফাইভ স্টার ও মোয়াজ ব্রিক্স অভিযান চালিয়ে জরিমানা করেন ।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মৌসুমী খানম বলেন, চলতি মৌসুমে বেশ কয়েকটি ইটভাটার মালিক অনুমোদন ছাড়াই ইট প্রস্তুত ও বিপণন করে আসছে যা আইনের পরিপন্থি। অভিযানে ভাটা মালিকরা তাদের দোষ স্বীকার করায় ইট প্রস্তুত ও ভাটা স্থাপন আইন ২০১৮ এর ১৫(১) ধারায় তিন ইটভাটা মালিকে ৫০ হাজার করে মোট দেড়লাখ টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনার সময় গাংনী থানার একটি টিম সহায়তা করে।

দামুড়হুদায় ৪৬ বোতল ফেনসিডিলসহ নারী আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৪৬ বোতল ফেনসিডিলসহ লাইলী খাতুন নামে একজনকে আটক করেছে পুলিশ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুর রহমান শেখ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে গত শনিবার দিনগত গভীর রাতে কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া গ্রামের স্কুল পাড়ায় লাইলী খাতুনের বাড়িতে অভিযান চালিয়ে বসতবাড়ীর পূর্বদূয়ারী পাকা বসতঘরের শয়ন কক্ষের মধ্যে থেকে ৪৬ বোতল ফেন্সিডিল সহ একজনকে আটক করে।

আটককৃত হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের হুদাপাড়া গ্রামের স্কুল পাড়ার আরশাদ আলীর স্ত্রী লাইলী খাতুন (৫৫)।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ফেনসিডিল সহ একজন আটক হয়েছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে, আসামির বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরের হেরোইন সহ একজন আটক

মুজিবনগর ৫ গ্রাম হেরোইন সহ রিংকু মিয়া নামে এক ব্যক্তিকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গত শনিবার রাত্রে মুজিবনগর থানা অফিসার ইনচার্য মেহেদী রাসেল, এর নেতৃত্ত্বে এসআই উত্তম কুমার, এসআই সাহেব আলী সঙ্গীয় ফোর্স এর সহায়তায় মুজিবনগর থানাধীন বিদ্যাধরপুর গ্রামস্থ জনৈক নিয়ত এর বসত বাড়ির উঠানে অভিযান পরিচালনা করে ০৫ গ্রাম হেরোইন সহ রিংকু মিয়াকে (২২) আটক করে।

রিংকু মিয়া মেহেরপুর সদর উপজেলার নবীনগর খালপাড়ার আবু সিদ্দিক এর ছেলে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করে গতকাল বরিবার কোর্টে প্রেরণ করা হয়েছে ।

কোটচাঁদপুর ককটেল ও বোমা উদ্ধার মামলায় ৬ বিএনপির কর্মী

গ্রেফতার

ককটেল ও বোমা উদ্ধার মামলায় ৬ বিএনপির নেতা-কর্মীকে গ্রেফতার করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ।

গতকাল শনিবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে গ্রেফতার করেছেন তাদেরকে। মামলায় সংশ্লিষ্টতা ছাড়া নিরীহ মানুষকে হয়রানি করা হবে না বললেন,মামলার তদন্তকারি কর্মকর্তা উপপরিদর্শক (এসআই) হাসানুর রহমান।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল বুধবার (০৭-১২-২২) তারিখ রাতে কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ টি ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেন স্থানীয় থানা পুলিশ।

ওই ঘটনায় কামরুল হাসান (কাকন) বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেন। যার নাম্বার- ৩,তারিখ- ৭-১২-২২। ওই মামলায় পুলিশ শনিবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালান। এ সময় থানা পুলিশ ৬ বিএনপি নেতা-কর্মীকে গ্রেফতার করেন।

এরমধ্যে রয়েছে কোটচাঁদপুর পৌরসভার দুধসরা গ্রামের জয়নাল হোসেনের ছেলে কাউন্সিলর আবু হানিফ, ভবানিপুরের সাফদার হোসেনের ছেলে হাবিবুর রহমান,উপজেলার গুড়পাড়া গ্রামের মৃত আব্দুর রহিম বিশ্বাসের ছেলে মনিরুজ্জামান,বহিরগাছি গ্রামের মৃত মুনসুর মন্ডলের ছেলে তোয়াছ উদ্দিন,ইকড়ার শমসের মন্ডলের ছেলে ইব্রাহিম মন্ডল,বলাবড়িয়া গ্রামের মৃত আতর আলীর ছেলে ইদ্রিস আলী খান, বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) হাসানুর রহমান বলেন,ওই মামলায় ৬ জনকে আটক করা হয়েছে। মামলায় এজাহার ভুক্ত কোন আসামি নাই। সবাই অজ্ঞাত। মামলার আসামি গ্রেফতার অভিযান চলমান রয়েছে।

তিনি আরো বলেন, মামলার সংশ্লিষ্টতা ছাড়া কোন নিরীহ মানুষকে এ মামলায় হয়রানি করা হবে না।

বিদায় বছরে আলমডাঙ্গায় ৭ খুন, আত্নহত্যা ৬৮, ধর্ষণ ৩

আর বাকী কয়েকদিন। সবার কাছ থেকে বিদায় নিচ্ছে ২০২২। আগামি (৩১ ডিসেম্বর) সূর্যাস্ত আরেকটি খ্রিস্টীয় বছরের সমাপ্তি ঘটবে। নতুন ভোরের সূর্য পৃথিবীর বুকে নিয়ে আসবে আরেকটি নতুন বছর-২০২৩।

দীর্ঘ একটি বছরের (২০২২) বেশিরভাগ সময় আলমডাঙ্গা ছিলো করোনা মুক্ত । করোনা ছাড়া বছরটি আলোচিত ছিলো সড়ক দুর্ঘটনা, হত্যা ও আত্মহত্যায়।

এছাড়াও নুডুলস চুরি, মেয়ে প্রেম করায়- বাবার তুলে দিলো রশি, বিএনপির ইফতার মাহফিলে আওয়ামীলীগের হামলা, পুলিশের ধাওয়ায় নদীতে জুয়াড়ির ঝাঁপ- ডুবে মৃত্যু, সিগন্যাল দেওয়ার পরও মালবাহী ট্রেন না থামানোয় সহকারী চালককে মারধর, নির্মাণাধীন ভবনের সেপটিক ট্যাংক পরিষ্কারের সময় দুইজনের মৃত্যুসহ বিভিন্ন ঘটনায় চাঞ্চল্যকর অবস্থার মধ্য দিয়ে ২০২২ সাল। এছাড়াও ঠিকাদারকে কুপিয়ে হত্যা, পৌর সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদককে কুপিয়ে হত্যা ও বয়স্ক স্বামী-স্ত্রীকে ধারালো অস্ত্র দিয়ে হত্যার ঘটনা জুড়ে আলোচনায়।

সেচ্ছাসেবকলীগ নেতা, ব্যবসায়ী ও ডাবল মার্ডার: আলমডাঙ্গা থানায় ২০২২ সালে ৬টি হত্যা মামলা দায়ের করা হয়েছে। বিদায়ী বছরের শুরুতে আলমডাঙ্গায় চাঞ্চল্য সৃষ্টি করে ব্যবসায়ী মার্ডার। গত ৮ মে রাত ১২টার দিকে উপজেলার মুন্সিগঞ্জ ক্লিনিকপাড়ায় এ ঘটনা ঘটে।

নিহত কামাল হোসেন আলমডাঙ্গা উপজেলায় জেহালা গ্রামের মাঝেরপাড়ার মৃত জাহান মাস্টারের ছেলে। তিনি বিএনপির সাবেক নেতা ছিলেন। বর্তমানে ঠিকাদারির কাজ করতেন। হত্যার দুদিন পর জড়িত সন্দেহে কয়েকজনকে আটক করে র্যাব।

চাঞ্চল্যকর এ ঘটনার রেশ শেষ হতে না হতেই ৪মাসের মাথায় (১৬ সেপ্টেম্বর) পৌর সেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ইমরানকে কুপিয়ে হত্যা করে দুর্বৃত্ততরা। নিহত ইমরানের পিতা বাদী হয়ে আলমডাঙ্গা থানায় হত্যা মামলা দায়ের করে। স্বেচ্ছাসেবক লীগে সাধারন সম্পাদক ইমরান হত্যার ঘটনায় দফায় দফায় আন্দোলন করে নেতাকর্মী ও স্থানীয়রা। এঘটনায় গোবিন্দপুর গ্রামের সাকিবকে

গ্রেফতার করে পুলিশ। হত্যাকারী সাকিবের স্বীকারোক্তি মূলক জবান বন্দিতে জেল হাজতে পাঠায় আদালত।

ইমরান হত্যার রেশ কাটতে না কাটতেই আবারো পৌর এলাকার পুরাতন বাজার এলাকায় ঘরের তালা ভেঙে এক বৃদ্ধ স্বামী-স্ত্রীর মরদেহ উদ্ধার করে। শনিবার (২৪ সেপ্টেম্বর) সকাল ১০টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার পুরাতন বাজার এলাকা থেকে তাদের মরদেহ উদ্ধার করে পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা। নিহতরা হলেন- নজির উদ্দিন (৭০) ও তার স্ত্রী ফরিদা খাতুন (৬০)।

পুলিশের প্রাথমিকভাবে ধারনা করে শ্বাসরোধে তাদের হত্যা করা হয়েছে। গোসলখানায় হাত বাঁধা অবস্থায় বৃদ্ধ নজির উদ্দিনের এবং ঘরের ভেতরে তার স্ত্রী ফরিদা খাতুনের রক্তাক্ত মরদেহ পাওয়া যায়। বৃদ্ধার পাশে পড়ে থাকা ছোট কাঁচি দিয়ে শরীরের বিভিন্ন স্থানে ক্ষত করা হয়েছে বলে মনে হচ্ছে।

ডাবল মার্ডারের ঘটনায় সিআইডি,ডিবি,র্যাবসহ পুলিশের উর্ধতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করে। হত্যাকাণ্ডের পাঁচ দিন পর তাদের গ্রেফতার করে পুলিশ।

হত্যার কান্ডের ৫ দিনপর জেলা গোয়েন্দা পুলিশ ডিবি হত্যাকান্ডের সাথে জড়িত ৩ জনকে গ্রেফতার করে। এ সময় তাদের কাছ থেকে উদ্ধার করা হয় নগদ টাকা, ব্যবহৃত মোবাইল ফোন ও ব্যাগসহ বিভিন্ন জিনিস।

গ্রেফতার চার জন হলো– আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়নের আসাননগর গ্রামের বজলু রহমানের ছেলে সাহাবুল (২৪), একই গ্রামের মাসুদ আলীর ছেলে বিদ্যুৎ (২৩), পিন্টু রহমানের ছেলে রাজিব (২৫) এবং তাজ উদ্দিনের ছেলে শাকিল (২১)। তাদের স্বীকারোক্তি মূলক জবানবন্দিতে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরণ করে আদালত।

সর্বশেষ আলোচ্য আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া গ্রামে রাহেলা খাতুন (৮৯) নামের এক বৃদ্ধাকে মারপিট করে হত্যার অভিযোগ ওঠে। (৩০শে নভেম্বর) বুধবার বিকালে পুলিশ বৃদ্ধার নিজ বাড়ি থেকে লাশ উদ্ধার করে।

এ ঘটনায় বৃদ্ধার ছেলে, ছেলের স্ত্রী ও এক নাতিকে আটক করে পুলিশ।

আত্মহত্যা: সদ্য বিদায় হওয়া বছরে আলমডাঙ্গায় বেশ চাঞ্চল্য সৃষ্টি করে একের পর এক আত্নহত্যা। বিদায়ী ২০২২ সালে আলমডাঙ্গা

থানায় বিষপান, গলায় রশিসহ সড়ক দুর্ঘটনায় ৬৮ জন মারা গেছে। এঘটনায় থানায় অপমৃত্যু মামলার লম্বা সারিতে পরিণত হয়েছে।

অপমৃত্যুর তালিকায় আলোচিত ঘটনাটি গত (৭ সেপ্টেম্বর) আলমডাঙ্গায় তাস খেলার সময় পুলিশের ধাওয়া খেয়ে নদীতে ঝাঁপ এক যুবকের মৃত্যু হয়।
নদীতে নিখোঁজের এক দিন পর ওই যুবকের মরদেহ উদ্ধার করে খুলনার ডুবুরি দল ।

এঘটনায় উপজেলা থেকে জেলা জুড়ে ব্যাপক চাঞ্চল্যকর সৃষ্টি হয়। এছাড়াও আলমডাঙ্গার কাবিলনগর গ্রাম থেকে নিখোঁজের তিন দিন পর তরিকুল ইসলাম নামের এক যুবকের গলায় ফাঁস দেওয়া লাশ উদ্ধার করা। তরিকুল ইসলাম তিয়রবিলা গ্রামের কুঠিপাড়ার শাহজাহান আলীর ছেলে। নববিবাহিত বধূ বিয়ের এক মাস পরেই তরিকুলের সাথে আর সংসার করবে না জানিয়ে দিলে তিনি অভিমান করে আত্মহত্যা করে।

চুরি: বছরের শুরুতে গত ২ ফেব্রুয়ারি আলমডাঙ্গায় চুরির অভিযোগ তুলে দোকানের খুঁটিতে বেঁধে প্রকাশ্যে মধ্যযুগীয় কায়দায় এক যুবককে নির্যাতন করে। যুবককে খুঁটিতে বেধে মারপিটের ঘটনাটি বিভিন্ন স্যোসাল মিডিয়ায় ভিডিও ভাইরাল হয়। মুহুর্তেই জেলা- উপজেলায় ব্যাপক হই হুল্লোর শুরু হয়। খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ অভিযুক্ত দোকান মালিককে আটক করে।

এদিকে ৭ মাস পর আলমডাঙ্গার মাদ্রাসাপাড়ার একটি বাড়ি থেকে গত (৮নভেম্বর) চুরি হওয়া সাত ভরি স্বর্ণালংকার কুষ্টিয়ায় চোরের বাড়ি থেকে অর্ধেক ও বাকিটা এক জুয়েলারী দোকান থেকে উদ্ধার করে পুলিশ।

চুরির ১৮ ঘন্টার মধ্যে আন্তঃজেলা চোরচক্রের তিন সদস্য আটকসহ চুরি যাওয়া স্বর্ণালংকার উদ্ধার করে। স্বর্ণালংকার উদ্ধারে নেমে পুলিশ জানতে পারে পঞ্চান্ন বছর বয়সি জাহানারা বেগম ও তার মেয়ে পলি খাতুন বৃহত্তর কুষ্টিয়া জেলার বিভিন্ন এলাকায় কৌশলে বাড়িতে ঢুকে স্বর্নালংকার চুরি করে কুষ্টিয়ার চৌড়হাঁসের সোহাগ জুয়েলার্সে বিক্রি করে ।

অন্য দিকে, আলমডাঙ্গায় মালেশিয়া প্রবাসীর বন্ধু পরিচয় দিয়ে তার বাড়ি থেকে স্বর্ণালঙ্কার চুরি হওয়ার ১২ ঘন্টা পর পুলিশ উদ্ধার করে। আটক করা হয় দামুড়হুদা উপজেলার রামনগর মাঝের পাড়ার মৃত ইলিয়াছ আলীর ছেলে আল-আমিনকে।

২২শের বিষে প্রশসংশিত পুলিশ: চলতি বছরের নানা ঘটনা-দুর্ঘটনা আলোচনায় তো ছিলোই, উপরন্তু এ বছর ২০২২-এর বিষের মধ্যেও পুলিশের ভুমিকা ছিলো গুরুত্বপূর্ণ।

আলমডাঙ্গা থানা পুলিশের কাছে বিশেষভাবে আলোচিত ২০২২ সাল। যা পরিলক্ষিত ভাবে সকল হত্যা, আত্নহত্যা ও চুরিকৃত মালামাল উদ্ধারকৃত ভুমিকা পালনে প্রশসংশিত হয়ে ওঠে।

এ বিষয়ে আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলাম বলেন, আলমডাঙ্গায় ২০২২ সালের ঘটনাটি গুলো পুলিশ গুরুত্ব-সহকারে তদন্তের মাধ্যমে উপযুক্ত সমাধান করেছে। পুলিশ জনগণের দৌড় গোড়ায় কাজ করছে। বিটপুলিশের মাধ্যমে বিগত দিনের চাইতে আইনশৃঙ্খলা সুষ্টু রেখেছে।

গাংনীতে প্রাক্তন ভাবীর পর্ণগ্রাফি মামলায় দেবর গ্রেপ্তার

মেহেরপুরের গাংনীতে প্রাক্তন ভাবীর সাথে অন্তরঙ্গ মুহুর্তের ভিডিও ও ছবি সামাজিক যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে দেয়ার অপরাধে দেবর সাহাবুল(৩০) কে গ্রেপ্তার করেছে পুলিশ।

শুক্রবার রাতে ঢাকা কেরানীগঞ্জ থেকে গাংনী থানা পুলিশের একটি দল তাকে গ্রেপ্তার করে গাংনী থানায় নিয়ে আসে। সাহাবুল এ উপজেলার হাড়াভাঙ্গা হালসানা পাড়ার মৃত আব্দুর রহমানের ছেলে।

মামলার অভিযোগ সুত্রে জানা গেছে, গাংনীর পীরতলা গ্রামের সজিবর রহমানের মেয়ের সাথে হাড়াভাঙ্গা হালসানা পাড়ার মৃত আব্দুর রহমানের ছেলে আব্দুল হান্নানের সাথে বিয়ে হয় ২০০৮ সালে। বিয়ের কিছুদিন পর হান্নান বিদেশ গেলে দেবর সাহাবুলের সাথে গড়ে উঠে পরোকীয়া সম্পর্ক। ওই সময় সাহাবুল তার ভাবীর সাথে অন্তরঙ্গ মুহুর্তের কিছু ছবি ও ভিডিও মোবাইল ফোনে ধারণ করে রাখে।

এদিকে ওই গৃহবধু প্রবাসী স্বামী আব্দুল হান্নানকে তালাক প্রদান

করে প্রতিবেশি আব্দুল কুদ্দুসের ছেলে মহিবুলকে বিয়ে করে। ভাইকে ছেড়ে অন্যজনের সাথে বিয়ে করায় সাহাবুল ওই পর্ণছবি ভিডিও সামাজিক যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে দেয়ার হুমকী দেয়। ভিডিও এবং ছবি ডিলিট করতে বললে সাহাবুল ১০ লাখ টাকা দাবী করে প্রাক্তন ভাবীর কাছে। এ ঘটনায় গাংনী থানায় একটি মামলা করেন ওই গৃহবধু। যার নং- ৩০, তাং- ০৩-১২-২২ ইং। মামলার পর থেকেই দেবর সাহাবুল পলাতক ছিলেন।

এদিকে সাহাবুলের অবস্থান নিশ্চিত হয়ে গাংনী থানা পুলিশের একটি দল ঢাকার কাশিমপুর এলাকা থেকে শুক্রবার রাতে তাকে গ্রেপ্তার করে। আজ শনিবার তাকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়।

একটি সুত্র জানায়, হান্নান বিদেশ যাবার পর একই সাথে সাহাবুল ও মহিবুলের সাথে পরোকীয়া সম্পর্ক করে ওই গৃহবধু। পরে স্বামীর পাঠানো নগদ ১৫ লাখ টাকা ও স্বর্ণালংকার নিয়ে মহিবুলের সাথে পালিয়ে যায়। এতে রাগান্বিত হয়ে পর্ণছবি ও ভিডিও সামাজিক যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে দেয় সাহাবুল। যদিও সাহাবুলের পরিবার বিষয়টি অস্বীকার করেছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে জানান, ওই গৃহবধুর মামলা তদন্তে গিয়ে পর্ণছবি ও ভিডিও ছাড়ার প্রমাণ পাওয়া যায়। পরে সাহাবুলের অবস্থান নিশ্চিত হয়ে এসআই সাইফুল ও সঙ্গীয় ফোর্স নিয়ে তাকে গ্রেপ্তার করে। তাকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে সাজাপ্রাপ্ত আসামীসহ দু’জন গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে সাজাপ্রাপ্ত আসামীসহ দু’জনকে গ্রেপ্তার করেছে।

বুধবার রাতে গাংনী থানা পুলিশের পৃথক দল অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃতরা হচ্ছেন- গাংনীর বালিয়াঘাট গ্রামের রেজাউল হকের ছেলে রাসেল (৩২) এবং সহড়াবাড়িয়া গ্রামের ছের আলীর

ছেলে হুমায়ন কবীর(৩৩)।

বৃহষ্পতিবার সকালে দুজনকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ধৃত রাসেল ইয়াবাসহ পুলিশের হাতে গ্রেপ্তার হয়। জামিনে এসে রাসেল পলাতক ছিল। ওই মামলায় বিজ্ঞ আদালত ছয় মাসের কারাদণ্ড প্রদান করেন। অপর দিকে, হুমায়ন কবীরের বিরুদ্ধে মাদক মামলা রয়েছে। আদালত তার বিরুদ্ধে গ্রেপ্তারী পরওয়ানা জারী করায় তাকে গ্রেপ্তার করা হয়।